# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯২১

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ উমরার ক্ষেত্রে কখন তালবিয়া পাঠ বন্ধ করা হবে।

## باب مَا جَاءَ مَتَى تُقْطَعُ التَّلْبِيَةُ فِي الْعُمْرَةِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا هُشَيْمٌ، عَنِ ابْنِ أَبِي لَيْلَى، عَنْ عَطَاءٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، يَرْفَعُ الْحَدِيثَ أَنَّهُ كَانَ يُمْسِكُ عَنِ التَّلْبِيَةِ، فِي الْعُمْرَةِ إِذَا اسْتَلَمَ الْحَجَرَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ عَبَّاسٍ حَدِيثٌ صَحِيحٌ . وَالْعَمَلُ عَلَيْهِ عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ قَالُوا لاَ يَقْطَعُ الْمُعْتَمِرُ التَّلْبِيَةَ حَتَّى يَسْتَلِمَ الْحَجَرَ . وَقَالَ بَعْضُهُمْ إِذَا انْتَهَى إِلَى بُيُوتِ مَكَّةَ قَطَعَ التَّلْبِيَةَ . وَالْعَمَلُ عَلَى حَدِيثِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَبِهِ يَقُولُ سُفْيَانُ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ .

বাংলা

৯২১. হান্নাদ (রহঃ) ...... ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি মারফূ’ হিসাবে বর্ণনা করেন যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উমরার ক্ষেত্রে হাজরে আসওয়াদে ইস্তিলাম (স্পর্শ) করা মাত্র তালবিয়া পাঠ বন্ধ করতেন। - ইরওয়া ১০৯৯, যইফ আবু দাউদ ৩১৬, বর্ণনাটি ইবনু আব্বাসের নিজস্ব কথা আর ইহাই সহিহ,তিরমিজী হাদিস নম্বরঃ ৯১৯ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবদুল্লাহ ইবনু আমর (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, ইবনু আব্বাস (রাঃ) বর্ণিত হাদিসটি সহীহ্। অধিকাংশ আলিমের এই হাদিস আনুসারে আমল রয়েছে। তাঁরা বলেন, উমরা পালনকারী হাজরে আসওয়াদের ইস্তিলাম করা(চুমা দেওয়া) পর্যন্ত তালবিয়া পাঠ বন্ধ করবে না। কোন কোন আলিম বলেন, মক্কার ঘর- বাড়ির সীময় পৌছলেই তালবিয়া পাঠ বন্ধ করে দিবে। তবে উক্ত হাদিস অনুসারেই আমল রয়েছে। এ হলো সুফিয়ান, শাফই, আহমদ ও ইসহাক (রহঃ) -এর অভিমত।

## English

Ibn Abbas narrated:
(that the Prophet): "Would stop saying the Talbiyah during "Umrah when he

touched the (Black) Stone."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18110

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন